দৈনিক সংবাদ

তারিখ 0 4 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 6

13

# ছাত্রছাত্রীরা যানবাহনে আগুন লাগালে শিক্ষা প্রতিষ্ঠানের মঞ্জুরি বন্ধ

যে সব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা বাস, মোটর গাড়ী বা অন্যান্য যানবাহনে অগ্নিসংযোগে জড়িত থাকবে অথবা সরকারী সম্পত্তির ক্ষতি করবে, সরকার সেসব শিক্ষা প্রতিষ্ঠানের মঞ্জুরি বন্ধ করে দেবে। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। গতকাল বুধবার এক সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস এ খবর দিয়েছে।

## সরকারী-বেসরকারী বিদ্যালয়ের বৈষম্য দূর করা হবে : মাহবুব

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, সরকারী এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যকার বিরাজমান বৈষম্য ক্রমশ: দূর করা হবে। তিনি বলেন, রাষ্ট্রপতি এরশাদ দেশের শিক্ষা ক্ষেত্রে উন্নয়নের ভারসাম্য রক্ষার নিশ্চয়তাদানে প্রতিশ্রুতিবদ্ধ।

মন্ত্রী গতকাল বুধবার তেজগাঁ। মহিলা কলেজের অভিভাবক, অধ্যাপক এবং ছাত্রীদের উদ্দেশে বক্তৃতাদানকালে একথা বলেন।